

“দুটি সন্তানের বেশী নয় একটি হলে ভাল হয়”

বাংলাদেশ রেশম গবেষণা ও
প্রশিক্ষণ ইনস্টিটিউট
রাজশাহী-৬২০৭।



Bangladesh Sericulture Research &
Training Institute (BSRTI), Rajshahi-6207
☎ 880-721-776296, 771704-05 (PABX)
Fax: 880-721-770913
E-mail: info@bsrti.gov.bd
Web: www.bsrti.gov.bd

স্মারক নং- ২৪.০৭.৮১২২.০২৭.৩০.১৬৯.১৮-৯০৬(১০)

তারিখঃ ১৭/০৫/২০১৮


“দরপত্র নোটিশ”

বিষয়ঃ স্ট্যান্ডার্ড রিকুয়েস্ট ফর কোটেশনের মাধ্যমে Supply & Installation of Conference Microphone system at BSRTI, Rajshahi (প্যাকেজ নং- SGCMS-01/2018) কাজের দরপত্র নোটিশ প্রসঙ্গে।

বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহীর রাজস্ব বাজেটের আওতায় স্ট্যান্ডার্ড রিকুয়েস্ট ফর কোটেশনের মাধ্যমে Supply & Installation of Conference Microphone system at BSRTI, Rajshahi (প্যাকেজ নং- SGCMS-01/2018) কাজের নিমিত্তে উক্ত কাজের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ঠিকাদারী প্রতিষ্ঠান-এর নিকট হতে সীলগালা অবস্থায় দরপত্র আহ্বান করা যাচ্ছে। খামের উপরে কাজের নাম ও প্যাকেজ নং উল্লেখ করতে হবে। দরপত্রে উক্ত কাজের দর অংকে এবং কথায় উল্লেখ করতে হবে। সংশ্লিষ্ট দরপত্র (সিডিউলসহ) আগামী ১৮/০৫/২০১৮ইং তারিখ হতে ২৭/০৫/২০১৮ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে পরিচালক, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী হতে দরপত্র সংগ্রহ করা যাবে। আগামী ২৮/০৫/২০১৮ইং তারিখ দুপুর ১-০০ ঘটিকা পর্যন্ত পরিচালক, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহীর টেন্ডার বাঞ্চে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র উল্লিখিত সময়ের মধ্যে ডাকযোগেও গ্রহণ করা হবে। প্রাপ্ত দরপত্র ঐ দিনই দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) বেলা ৩-০০ ঘটিকায় খোলা হবে। কোন কারণে ঐ দিন দরপত্র খোলা সম্ভব না হলে পরবর্তী কার্যদিবসে খোলা হবে। উল্লেখ্য যে দরপত্রের (সিডিউলসহ) সাথে মালামালের স্পেসিফিকেশন বর্ণনা উল্লেখ রয়েছে।

শর্তাবলীঃ

- ১। সফল দরদাতাকে আগামী ২৫/০৬/২০১৮ইং তারিখের মধ্যে সমুদয় মালামাল সিডিউলের স্পেসিফিকেশন ও নমুনা অনুযায়ী গুণাগুণ ও মূল্যায়ন কমিটির উপস্থিতিতে বারগপ্রই, রাজশাহীর সংশ্লিষ্ট সরবরাহ ও সংস্থাপন কাজটি সম্পন্ন করতে হবে।
- ২। সরবরাহকৃত মালামালের গুণাগুণ প্রত্যয়ন কমিটির প্রত্যয়ন সাপেক্ষে একাউন্ট পেইই চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ৩। বিল পরিশোধের সময় সরকারী নিয়মানুযায়ী ভ্যাট এবং ট্যাক্স কর্তন করা হবে।
- ৪। দরপত্রে একক দর ও মোট দরের গরমিল দেখা দিলে একক দরের ভিত্তিতেই দর বিবেচনা করা হবে। দরপত্রের সাথে সরবরাহকারী প্রতিষ্ঠান/ঠিকাদারী প্রতিষ্ঠান-এর ড্রেড লাইসেন্স/লাইসেন্স, ২০১৬ বছরের আয়কর সনদপত্র, ভ্যাট সার্টিফিকেট ও ব্যাংক সলভেন্সি এর ফটোকপি দাখিল করতে হবে।
- ৫। পিপিআর-২০০৮ অনুযায়ী কোটেশন দরপত্র সম্পূর্ণ সিলগালা অবস্থায় নির্ধারিত অফিসে দরপত্র দাখিল করতে হবে।
- ৬। কর্তৃপক্ষ সর্বনিম্ন দরপত্র গ্রহণ করতে বাধ্য নহে এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ ও-বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।



(মোঃ জামাল উদ্দীন শাহ)

(যুগ্ম-সচিব)

পরিচালক

বারগপ্রই, রাজশাহী।

বিতরণঃ

.....
.....
.....

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। প্রশাসনিক কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী। আপনার নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে দেয়ার জন্য অনুরোধ করা হ'ল।
- ২। স্টেশন মাস্টার, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী। আপনার নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে দেয়ার জন্য অনুরোধ করা হ'ল।
- ৩। জনাব মোঃ সাখাওয়াত হোসেন, গবেষণা কর্মকর্তা, বারগপ্রই-কে অত্র ইনস্টিটিউটের ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহণের জন্য বলা হ'ল।
- ৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, বারগপ্রই, রাজশাহী।
- ৫। নোটিশ বোর্ড, বারগপ্রই, রাজশাহী।
- ৬। সংশ্লিষ্ট নথি।